গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০০৪. ২০১৩- ১১২৮

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
১০ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত বৃত্তি বিষয়ে সভার সিদ্ধান্ত সংক্রান্ত।

সূত্রঃ ০৩.০৭৪.৩৯.১৬.০০.০০৯.২০১৬-২৮৫(১৭) তারিখঃ ২০/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত বৃত্তি বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত ১৬/০৬/২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে।

১০/০৭/২০১৬

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ
১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্হানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

দপ্তর/সংস্থাঃ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*
০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ গাজীপুর সিটি কর্পোরেশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৪.৩৯.১৬.০০.০০৯.২০১৬- ২৮৫ (১৭)

তারিখ ২০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ
০৬ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ

বিষয়ঃ **বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত বৃত্তি বিষয়ে সভার কার্যবিবরণ।**

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে এ কার্যালয়ে গত ১৬-০৬-২০১৬ তারিখ অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল। সভার সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত ব্যবস্থা এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(আবুল কালাম শামসুদ্দিন)
পরিচালক
ফোনঃ ৯১১৮৭০৭
E-mail: dir7@pmo.gov.bd

প্রাপকঃ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, (দ্বি-পাক্ষিক) পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।
১৩। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২

বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত
বৃত্তি বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
তারিখ ঃ ১৬.০৬.২০১৬ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা
স্থান ঃ প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভা কক্ষ (২য় তলা)
সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট ‘ক’

সভায় আগত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, আলোচ্য বিষয় নিয়ে নিয়মিত সভা হচ্ছে কারণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিয়ত একটা চেষ্টা আছে যাতে জনপ্রশাসনের কর্মকর্তাদের একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ও উপযোগী করে তৈরি করা যায়। এ লক্ষ্যে আমাদের সামর্থ এবং বৈদেশিক উৎস থেকে প্রাপ্ত উচ্চ শিক্ষার ও গবেষণার সুযোগ যথাযথভাবে কাজে লাগাতে হবে। জ্ঞানভিত্তিক ও গবেষণা ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় ও দ্রুত উচ্চ মধ্য আয়ের দেশে পরিনত হতে হলে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় প্রজাতন্ত্রের কর্মকর্তাদের প্রস্তুত হতে হবে।

সভায় উপস্থিত বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সচিব জনাব কামাল উদ্দিন আহমেদ জানান বিভিন্ন মন্ত্রণালয় থেকে কর্মকর্তাদের যে উদ্দেশ্যে প্রশিক্ষণে প্রেরণ করা হয় তাকে পরবর্তীতে ভিন্ন ক্ষেত্রে পদায়ন করা হয়। এতে প্রশিক্ষণ কাজে লাগে না।

সভায় পররাষ্ট্র সচিব (দ্বি-পাক্ষিক বিষয়াবলী) জনাব মিজানুর রহমান জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে উচ্চ শিক্ষায় কোন কোন মন্ত্রণালয়ের কী কী চাহিদা রয়েছে তা পাওয়া গেছে এবং বিদেশে বাংলাদেশের রাষ্ট্রদূতগণকে উক্ত চাহিদা প্রেরণ করা হয়েছে। তিনি রাষ্ট্রদূতগণকে ব্যক্তিগত ভাবে ডি.ও.পত্র দেবেন মর্মে জানান।

সভায় উপস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব সৈয়দ মনজুরুল ইসলাম জানান তাঁর মন্ত্রণালয় দেশে এনেসথেশিয়া চিকিৎসা সংকট নিয়ে কাজ করছে। আশা করা যায় এই ক্ষেত্রে চিকিৎসক সংকট আর থাকবে না।

সভায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব আসিফ-উজ-জামান জানান, Blue Economy নিয়ে এখনো বিষদ গবেষণা হয় নাই। এ ক্ষেত্রে আমাদের ধারনা কম। তাই এ বিষয়ে অধিকতর কাজ করা প্রয়োজন। তিনি আরও জানান মন্ত্রণালয়গুলোর কর্মকর্তা মনোনয়ন নিয়ে অনেক সময় প্রশ্ন থাকে। যথাযথ কর্মকর্তা অনেক সময় মনোনয়ন দেয়া হয় না।

সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব রাকিব হোসেন জানান যে, বিভিন্ন মন্ত্রণালয় থেকে যে সকল চাহিদা পাওয়া গেছে তা নিয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনা করা হবে। একটা দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হবে।

সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক নীলুফার আহমেদ জানান, দীর্ঘমেয়াদী পরিকল্পনা করতে হলে তা আমাদের দেশের আঙ্গিকেই করতে হবে। তিনি জানান স্বাস্থ্যখাতে এনেসথেশিয়া চিকিৎসক পাওয়া যাচ্ছে না কারণ এ ক্ষেত্রে কেউ আসতে চায় না। সুতরাং এ ক্ষেত্রে প্রণোদনা দিয়ে চিকিৎসকদের ক্যারিয়ার প্লানিং করতে হবে।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব হেলাল উদ্দিন জানান, তাঁর মন্ত্রণালয় ব্লু ইকনমির উপর একটা কর্মপরিকল্পনা তৈরি করেছে। তবে এ বিষয়ে আরো বিষদভাবে সংশ্লিষ্ট পক্ষগণের সাথে আলোচনা করা হবে।

সভাপতি কর্তৃক অত:পর সভাকে জানানো হয় বিদেশে উচ্চ শিক্ষার বৃত্তি সুযোগ আংশিক সরকার বহন করতে পারে এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বহিঃ উৎস থেকে সম্পদ সংগ্রহ করতে পারবে। এ বিষয়ে একটা কর্মপরিকল্পনা করা প্রয়োজন। আগামী ৫-১০ বছরের জন্য তা হতে পারে। তবে স্বল্প মেয়াদী কোর্স না হয়ে দীর্ঘ মেয়াদী কোর্স করানোই ভাল। তিনি প্রয়োজনে কোর্সসমূহ রিভিউ করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানান। সভাপতি আরো জানান, বিভিন্ন প্রকল্পে শিক্ষা সফর থাকে এটা কমানো প্রয়োজন। শিক্ষা সফরকে প্রশিক্ষণে রূপান্তর করা যায়।

সভায় উপস্থিত কর্মকর্তাগন এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অত:পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
০১.	জনপ্রশাসন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বৈদেশিক উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোর্সসমূহ রিভিউ করবে। যুগের চাহিদার সাথে সংগতি রেখে কোর্স নির্ধারণ করতে হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
০২.	জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত বৃত্তি বিষয়ে ডিপিপি প্রণয়নের জন্য একটি আন্ত:মন্ত্রণালয় সভা করবে। এ বিষয়ে প্রস্তুতকৃত ডিপিপি আগামী ৩ মাসের মধ্যে প্লানিং কমিশনে প্রেরণ করতে হবে।	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
০৩.	জনপ্রশাসন মন্ত্রণালয় বৈদেশিক উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের নিমিত্ত আগামী ৫ বছরের জন্য চাহিদার সাথে সামঞ্জস্য রেখে একটি ডিপিপি প্রণয়ন করবে। প্রণীত ডিপিপিতে ২০% রাজস্ব অর্থায়নে এবং ৮০% বৈদেশিক অর্থায়নে সংস্থান করা যেতে পারে।	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪.	বিভিন্ন প্রকল্পে প্রণীত ডিপিপিতে শিক্ষা সফরকে নিরুৎসাহিত করতে হবে। প্রয়োজনে প্রশিক্ষণের অংশ হিসাবে শিক্ষা সফরের সংস্থান রাখা যেতে পারে।	সচিব (সকল বিভাগ/মন্ত্রণালয়) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
০৫.	কতিপয় দাতা সংস্থা প্রতি বছর একই বিষয়ে বৃত্তি দিয়ে থাকে। জনপ্রশাসন মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয় বৃত্তির প্রচলিত ধারা দেখে পূর্ব থেকে প্রার্থী বাছাই করে রাখতে পারে।	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
০৬.	দেশে এনেসথেশিয়ার চিকিৎসক সংকট মোকাবেলায় চিকিৎসকদের যথাযথ প্রশিক্ষণের জন্য সময়াবদ্ধ প্রণোদনামূলক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/
১৯.০৬.২০১৬
(মোঃ আবুল কালাম আজাদ)
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

E/Education/scholarship all ministry 16 7 14

দেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত বৃত্তি বিষয়ক সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা।

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	সৈয়দ মনজুরুল ইসলাম সচিব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	০১৭১০০৩৬৭৪৪	[illegible] ১৬/০৬/১৬
০২.	[illegible] আহমেদ সচিব [illegible]	017 555 90010	[illegible] 16/06/16
০৩.	[illegible] [illegible] [illegible]	[illegible]	[illegible]
০৪.	[illegible] অতিরিক্ত সচিব বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০১৫৫২ ৪৮৬৬৮২	[illegible] ১৬/০৬/১৬
০৫.	[illegible] যুগ্ম সচিব, [illegible] মন্ত্রণালয়	[illegible]	[illegible]
০৬.	[illegible] যুগ্ম-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।	01552314642	[illegible]
০৭.	[illegible] যুগ্ম-সচিব কৃষি মন্ত্রণালয়	01671645488	[illegible] ১৬/০৬/১৬
০৮.	পার্থপ্রতিম দেব অতিরিক্ত সচিব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	+৮৮০১৭১১৮০৮৩ ০৫	[illegible] ১৬০৬১৬
০৯.	[illegible] অতি: সচিব [illegible]	01715096628	[illegible]
১০.	~~[illegible]~~ মো: রকিব হোসেন অতি: সচিব [illegible] মন্ত্রণালয়	01712991846	[illegible]
১১.	মো: হেলাল উদ্দিন অতি: সচিব শিক্ষা মন্ত্রণালয়	01715193324	[illegible] 16.06.16